গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ (২য় পর্যায়)** প্রকল্প।

মহিলা বিষয়ক অধিদপ্তর

৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।

বিষয়: আইজিএ প্রকল্পের সারসংক্ষেপ।

১. প্রকল্পের নাম : **"উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ (২য় পর্যায়)" শীর্ষক** প্রকল্প।

২. (ক) উদ্যোগী মন্ত্রণালয় : মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(খ) বাস্তবায়নকারী সংস্থা : মহিলা বিষয়ক অধিদপ্তর।

৩. প্রাক্কলিত ব্যয় : (ক) মোট ৩৯৫৮৩.৮৯ (তিনশত পঁচানব্বই কোটি তিরাশি লক্ষ উননব্বই হাজার) টাকা। (সর্ম্পূণ জিওবি)

৪. প্রকল্পের অর্থায়ন :

(ঋণ/অনুদান/ইকুইটি) : -

৫. বাস্তবায়ন কাল : (ক) শুরুর তারিখ : ০১ জুলাই ২০২৫।

(খ) সমাপ্তির তারিখ : ৩০ জুন ২০২৮।

৬. প্রকল্প এলাকা : সারাদেশের মোট ৪৩৪টি উপজেলা।

৭. প্রকল্পের উদ্দেশ্য :

ক) দরিদ্র ও সুবিধাবঞ্চিত নারীর সক্ষমতা বৃদ্ধি ও আত্মবিশ্বাস সৃষ্টির মাধ্যমে উদ্যোক্তা হিসাবে গড়ে তোলাসহ নারীর ক্ষমতায়ন।

খ) প্রশিক্ষণের মাধ্যমে আত্মনির্ভরশীল জনশক্তিতে রূপান্তর করা এবং দারিদ্র দূরীকরণ।

গ) জেলার সদর উপজেলা/উপজেলার অন্যান্য দপ্তরের মাধ্যমে মাইক্রো ক্রেডিট প্রোগ্রামের সাথে সংযোগ স্থাপন।

ঘ) জেলার সদর উপজেলা পর্যায়ে প্রশিক্ষণ প্রাপ্ত প্রশিক্ষণার্থীদের ফ্রিল্যান্সিং এর সাথে সম্পৃক্ত করা।

৮. প্রকল্পের প্রধান কার্যক্রম :

১.ফ্যাশন ডিজাইন; ২.বিউটিফিকেশন; ৩. ফুড প্রসেসিং ও প্রিজারভেশন; ৪. ভার্মি কম্পোস্ট , মাশরুম ও মৌচাষ; ৫.ক্রিস্টাল শোপিচ ও ডেকোরেটেড কেন্ডেল মেকিং (মোমবাতি); ৬. হস্তশিল্প ও শতরঞ্জি; ৭. কেয়ার গিভার ও হাউজ কিপিং এবং ৮. উদ্যানতাত্বিক নার্সারী ট্রেডে প্রশিক্ষণ।

৯. বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অন্তর্ভূক্তি ও বরাদ্দ : ০.০০

১০. প্রকল্পের অগ্রগতি :

**মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তক বাস্তবায়নাধীন "উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ (২য় পর্যায়)"** শীর্ষক প্রকল্পটি গত ২৭/০৭/২০২৫ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় ৩৯৫৮৩.৮৯ (তিনশত পঁচানব্বই কোটি তিরাশি লক্ষ উননব্বই হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে বাস্তবায়নের নিমিত্ত জুলাই ২০২৫ হতে জুন ২০২৮ মেয়াদে অনুমোদিত হয়। । এ প্রকল্পের অনুকূলে ২০২৫-২৬ অর্থবছরের এডিপিতে কোন বরাদ্দ নেই। ইতোমধ্যে স্মারক নং ৩২.০১.০০০০.০০০.০১৪.২০.০০০১.২৫-০৩; তারিখ: ১২/১০/২০২৫ এর মাধ্যমে আলোচ্য প্রকল্পের অনুকূলে চলমান অর্থবছরে ১৩৫৩৭.৩৯ লক্ষ টাকা থোক বরাদ্দ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রশাসনিক মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। এছাড়া প্রকল্পের প্রকৃত কার্যক্রম দ্রুত শুরু ও জাতীয় উন্নয়নে মহিলাদের অবদান নিশ্চিত করার লক্ষ্যে জরুরীভাবে এ প্রকল্পের অনুকূলে মোট ৩০০০.০০ লক্ষ (ত্রিশ কোটি) টাকা পুন:উপযোজনের মাধ্যমে বরাদ্দের জন্য প্রশাসনিক মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।

১১. প্রকল্প পরিচালক : শূণ্য